

অফিস আদেশ

যেহেতু জনাব মো. হাবিবুর রহমান, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), আঞ্চলিক তথ্য অফিস খুলনায় কর্মরত থাকা অবস্থায় অফিসের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করে আসছেন এবং প্রায়ই অশ্লীল ভাষায় এবং উচ্চস্বরে গালাগালসহ কর্মকর্তা কর্মচারীদের শারীরিকভাবে আঘাত করতে উদ্যত হন, গত ১৩ আগস্ট ২০২০ তারিখ অফিসের কর্মকর্তা কর্মচারীদের অকথ্য ভাষায় গালাগালসহ প্রধান সহকারীর সরকারি দায়িত্ব পালনের বাধাসহ টেলেক্স অপারেটর মিজানুর রহমানকে শারীরিকভাবে আঘাত করেন এবং রাজনৈতিক নেতৃত্বদ ও উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তাদের আত্মীয় পরিচয় দিয়ে অফিসে এবং অফিসের বাইরে অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত হওয়াসহ অফিসের কর্মচারীদের নানা রকম হুমকি প্রদান করেন যা বিভিন্ন গণমাধ্যমে (চ্যানেল ২৪, দৈনিক প্রথম আলোসহ একাধিক জাতীয় পত্রিকায়) প্রকাশিত হয়েছে। পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ১৫.০৯.২০২০ তারিখে তাকে সাময়িকভাবে বরখাস্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা ০১/২০২০ বুজু করা হয় এবং ১০ কার্যদিবসের সময় দিয়ে অভিযোগ নামা এবং অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

২। যেহেতু জনাব মো. হাবিবুর রহমানের আবেদনের প্রেক্ষিতে ১৫.১০.২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং বিষয়টি অধিকতর তদন্তের লক্ষ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তার (জনাব হাবিবুর) বিরুদ্ধে আনীত চারটি অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা তার প্রতিবেদনে প্রথম অভিযোগ-কর্মকর্তা কর্মচারীদের সাথে অসদাচরণ, অশ্লীল ভাষায় উচ্চস্বরে গালাগাল করা এবং অফিসের কর্মকর্তা কর্মচারীদের শারীরিকভাবে আঘাত করতে উদ্যত হওয়া সংক্রান্ত অভিযোগটি সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন। দ্বিতীয় অভিযোগটি টেলেক্স অপারেটর জনাব মিজানুর রহমানকে শারীরিকভাবে আঘাত করা, অফিসের এবং অফিসের বাইরের লোককে চাপাতি দিয়ে কোপানোর হুমকি দেওয়া এবং প্রধান সহকারীকে দাপ্তরিক কাজে বাধা দেওয়া সংক্রান্ত অভিযোগটির টেলেক্স অপারেটর জনাব মিজানুর রহমানকে শারীরিকভাবে আঘাতের চেষ্টা এবং লালিত করা এবং দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের অকথ্য ভাষায় গালাগাল ও জীবননাশের হুমকি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। চতুর্থ অভিযোগ- মাননীয় প্রধানমন্ত্রীর বংশের লোক ও মাননীয় সংসদ সদস্য জনাব সাইফুর রহমান শেখরসহ বিভিন্ন মন্ত্রী, এমপি, পুলিশের ডিআইজি ও উচ্চ পদস্থ কর্মকর্তাদের আত্মীয় পরিচয় দিয়ে হুমকি দেওয়ার অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

৩। যেহেতু জনাব হাবিব তার নিয়োগকারী কর্তৃপক্ষ তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসারের নিকট ০৬.০৯.২০২২ তারিখের ব্যক্তিগত শুনানিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ (বিভাগীয় মামলা ০১/২০২০) স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেছেন।

৪। যেহেতু জনাব হাবিবকে ইতিপূর্বে একাধিক বার সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধি ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ পরিপন্থী কার্যক্রম থেকে বিরত থাকার জন্য লিখিত নির্দেশ দেওয়া হলেও তিনি তা মান্য করেননি। জনাব হাবিবের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অসদাচরণের অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৪ এর ৩(ঘ) মোতাবেক তাকে অবিলম্বে চাকরি হতে বরখাস্ত করাই উপযুক্ত শাস্তি হিসেবে বিবেচনা যোগ্য। তৎসত্ত্বেও জনাব হাবিবের বিভাগীয় মামলায় দেওয়া কারণ দর্শানোর নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানিতে স্বীকারোক্তি মূলক মৌখিক, লিখিত জবাববন্দী ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা ভবিষ্যতে কোন রকম অনিয়মের সাথে জড়িত না হওয়ার অজ্ঞিকার এবং তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন বিবেচনা করা হয়। তিনি একজন এটিম কোর্টায় ১৬.০২.২০১৬ তারিখে নিয়োগপ্রাপ্ত কর্মচারী এবং তার মাতৃ পরিত্যক্ত দুইটি অসহায় নাবালক শিশু রয়েছে। তাদের ভবিষ্যৎ এবং আর্থিক নিরাপত্তার বিষয়টি সহানুভূতির সহিত বিবেচনা করা হয়।

৫। সেহেতু জনাব হাবিবকে বরখাস্তের পরিবর্তে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪ এর ২(ঘ) বিধি মোতাবেক বেতন শ্রেণির নিম্নধাপে অবনতি করে একটি বার্ষিক বর্ধিত বেতন যুক্ত করে (মূল বেতন ৮,৬৭০ টাকায় নির্ধারণপূর্বক) লঘুদণ্ডের নির্দেশ দিয়ে চাকুরিতে পুনর্বহাল করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ

মো: শাহেনুর মিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫১০০৮১১

ই-মেইল: pio@pressinform.gov.bd

প্রাপক:

জনাব মো. হাবিবুর রহমান

অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), আঞ্চলিক তথ্য অফিস, খুলনা।

স্থায়ী ঠিকানা:

পিতা: মৃত কুটি মিয়া, গ্রাম: ছয়ঘরিয়া,

পো: সিমাখালী, উপজেলা: শালিখা, জেলা: মাগুরা।

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৭৭.১৬- ১০২

তারিখ : ১৫.০১.২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, খুলনা।

০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা (জনাব মো. হাবিবুর রহমানের সার্ভিসবুকে অফিস আদেশটি যথাযথভাবে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা দেওয়া হলো)।

০৩। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।

০৪। ওয়েব এডমিন, তথ্য অধিদফতর, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ দেওয়া হলো)।

০৫। সংশ্লিষ্ট নথি।

স্বাঃ

আসাদুজ্জামান খান

সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)

ফোন: ৫৫১০০৬০০

ই-মেইল: asadshariatpur@gmail.com